



রামগতিতে সাবেক কর্মকর্তার সম্পত্তি দখলে আপন ভাই-বোনের হানা



সংগৃহীত ছবি

লক্ষ্মীপুরের রামগতিতে সন্তানহীন অবসরপ্রাপ্ত এক কর্মকর্তার সম্পত্তি দখলের চেষ্টা চালাচ্ছেন তারই নিকট আত্মীয়রা। বাড়ির গাছ-পুকুর থেকে শুরু করে দোকানঘর। সব কিছুতেই চলছে জোরপূর্বক দখল ও ভাঙচুর। শেষ বয়সে নিরাপত্তাহীনতায় ভুগছেন তিনি।

লক্ষ্মীপুরের রামগতির চরপোড়াগাছা ইউনিয়নের বান্দেহাট বাজার-সংলগ্ন এলাকায় নিজের বসতভিটা ও সম্পত্তি রক্ষায় কঠিন সময় পার করছেন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এর সাবেক কর্মকর্তা আবুল হোসেন। ছেলে সন্তান না থাকায় জীবনের শেষ প্রান্তে এসে আপন ভাই-বোন এবং ভতিজাদের লোভ-লালসার শিকার হচ্ছেন তিনি।

আজ শুক্রবার (২৭ জুন) সকালে তার নিজের মালিকানাধীন জায়গায় নির্মিত একটি দোকানঘর জোরপূর্বক দখলে নেয় তার ভাই ও ভতিজারা। তারা সীমানা পিলার স্থাপন করে জালের বেড়া দিয়ে জায়গাটি ঘিরে ফেলে। আবুল হোসেনের অভিযোগ, দীর্ঘদিন ধরেই তারা ফল-ফলাদি, গাছ ও পুকুরের মাছ জোর করে নিয়ে যাচ্ছে।

স্থানীয় সূত্রে জানা যায়, চাকরিজীবনে আবুল হোসেন ভাইবোনদের নানাভাবে সহায়তা করলেও এখন বয়সের শেষ প্রান্তে এসে তাদের হাতেই হয়রানির শিকার হচ্ছেন। তার চার মেয়ে রয়েছে, যাদের মধ্যে তিনজনের বিয়ে হয়েছে এবং ছোট মেয়ে ঢাকায় পড়াশোনা করছেন। বাড়িতে তিনি স্ত্রীকে নিয়ে একাই বসবাস করেন। এই নিঃসঙ্গ অবস্থার সুযোগ নিচ্ছেন তার ভাই-বোন ও ভতিজারা।

এ ঘটনায় পুলিশ ঘটনাস্থলে গিয়ে দখল চেষ্টাকারীদের নিবৃত্ত করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অভিযুক্তদের মধ্যে রয়েছেন আবুল হোসেনের ভাই আবুল কাশেম, আবুল কালাম ও বোন জান্নাত বেগম এবং ভতিজা সিদ্দিকুল্লা, হেলাল ও মনোয়ার হোসেন। তারা সবাই ওই এলাকার মৃত শাহ আলমের সন্তান।

ভুক্তভোগী আবুল হোসেন স্থানীয় প্রশাসনের কাছে সুষ্ঠু তদন্ত ও সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছেন।